

**বাংলাদেশ শিক্ষক
সমিতি ফেডারেশন
নির্বাচন অনুষ্ঠিত**

**ফরিদ সভাপতি রাশিদ মহাসচিব
বিশ্ববিদ্যালয় রিপোর্টার**

বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশন নির্বাচনে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি ও সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. ফরিদ উকিন আহমেদ সভাপতি এবং কুষ্টিয়া ইসলামী বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের অধ্যাপক এবং ইসলামী বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক প্রফেসর ড. রাশিদ আব্দুল করিম মহাসচিব নির্বাচিত হয়েছেন। গতবার বিকালে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্লাবের সভাকক্ষে প্রধান অতিথিরূপে ফেডারেশনের বিদায়ী সভাপতি অধ্যাপক ড. মোঃ মোয়াজ্জেম হোসেন খানের সভাপতিত্বে এবং মহাসচিব প্রফেসর ড. আহিনুজ্জামানের সভাপত্যে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশনের বার্ষিক সাধারণ সভা-২০১৪ অনুষ্ঠানে এ নির্বাচন সম্পন্ন হয়।

সহ-সভাপতি পদে নির্বাচিতরা হলেন— রায়শাহী বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. কান্নুল হাসান মজুমদার, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক বেনু কুমার দে, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি ড. ফরিদ আহমদ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মুফফল হাসান, বাংলাদেশ উনুজ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মোহাম্মদ উকিন। কোষাধ্যক্ষ হিসেবে নির্বাচিত হয়েছেন জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক ড. পরিমল বাল্লা।

এছাড়া দু'শ' মহাসচিব পদে নির্বাচিত হয়েছেন, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক মোঃ ফারুক উকিন, পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক মোঃ শামীম রেজা। আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক হিসেবে নির্বাচিত হয়েছেন কুমিল্লা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক বেবেদী হাসান।